

## বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উচ্চস্তরে তোলার পথ খুঁজছে সরকার

শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উচ্চস্তরে তোলার পথ খুঁজছে সরকার। নতুন পে-স্কেল নিয়ে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অনন্তোষের পরিস্থিতিতে সোমবার জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়ের) শিক্ষকদের এক আলোচনা সভায় তিনি এ কথা বলেন। বিজয় দিবস উপলক্ষে নায়েরের ১৪৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পক্ষ থেকে এ আলোচনা সভার আয়োজন করা হয়। সংস্থার মহাপরিচালক অধ্যাপক হামিদুল হকের সভাপতিত্বে এতে শিক্ষা সচিব মোহরাব হোসাইন, নায়েরের কোর্স পরিচালক সুররাতুল আয়েন সফদার প্রমুখ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, নতুন বেতন কাঠামোর বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের উচ্চস্তরে ওঠার পথ বন্ধ হয়ে গেছে। বিসিএস ক্যাডারের শিক্ষকদেরও সমস্যা রয়েছে। তিনি আরও বলেন, আমি শিক্ষকদের পক্ষে, শিক্ষা মন্ত্রণালয় শিক্ষকদের পক্ষে। শিক্ষকদের হাথের পক্ষে। তারা (শিক্ষকরা) যেন সর্বোচ্চ পদে যেতে পারেন সে জন্য যা করার করব। তিনি আরও বলেন, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল এখন নেই। তাই শিক্ষকদের স্থানান্তর করতে প্রয়োজন অন্য কোনো পদ্ধতি। সেটাই করতে হবে।

শিক্ষামন্ত্রী বলেন, দারিদ্র্যমুক্ত উন্নত দেশ গড়ে তোলার জন্য সুজিমুক্ত করে দেশ স্বাধীন করেছিলাম। ২০২১ সালের মধ্যে দেশে চরম দারিদ্র্য আর থাকবে না। তিনি আরও বলেন, আমেরিকায় অনেকে অফিস শেষে মেনে করে বাড়ি যান, আবার কেউ কেউ ডাষ্টবিন থেকে খাবার তুলে খান। আমাদের এখানে মানুষ না খেয়ে নেই। উল্লেখ্য, ১৫ ডিসেম্বর অষ্টম জাতীয় পে-স্কেলের গেজেট প্রকাশ করে সরকার। এরপর এ নিয়ে শিক্ষকরা নানাভাবে অসন্তোষ প্রকাশ করছেন।